# বিএনপি ক্ষমতায় এসে শিক্ষাব্যবস্থার উন্নয়ন করেছে: রিজভী




রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

গত ১৭ বছর ধরে দেশের শিক্ষাব্যবস্থা নিয়ে ছেলেখেলা করা হয়েছে বলে অভিযোগ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবীর রিজভী। তার অভিযোগ, ওপর মহলের নির্দেশে জাতির মেরুদণ্ড হিসেবে বিবেচিত শিক্ষাব্যবস্থাকে ধ্বংস করা হয়েছে।

শনিবার (১৯ সেপ্টেম্বর) কেরানীগঞ্জ মহিলা ডিগ্রি কলেজে এসএসসির কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, বাংলাদেশকে এমনভাবে নিষ্ক্রিয় করে রাখা হয়েছিল, যাতে প্রযুক্তিগত সক্ষমতার দিক থেকে বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকতে না পারে।

তিনি বলেন, বিএনপি যখনই রাষ্ট্রক্ষমতায় এসেছে, তখনই শিক্ষাব্যবস্থার উন্নয়নে কাজ করেছে। নারীর ক্ষমতায়নের ক্ষেত্রেও অবৈতনিক শিক্ষার ওপর গুরুত্ব দিয়েছে দলটি। শিক্ষায় প্রণোদনা না থাকলে একটি জাতি সামনে এগিয়ে যেতে পারে না বলেও মন্তব্য করেন তিনি।

অনুষ্ঠানে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সময়ের চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ও আরও যুগোপযোগী করে গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপরও জোর দেন বিএনপির এই সিনিয়র নেতা।

LENS ASIA